সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে চৈত্র বুধবার, ১৩৭২ ইং 6th April 1966 { ৪৫শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে চৈত্র বুধবার সন ১৩৭২ সাল।

# শিক্ষা বিভ্রাট

—০—

চমৎকার শাসন ব্যবস্থা! ছাত্রেরা স্কুল কলেজে যাইবার সময় আধপেটা খাইয়া যাইতেছে। ফিরিয়া আসিয়াও একই অবস্থা এবং এই প্রকার অবস্থা চলিতেছে মাসের পর মাস। সরকার যেভাবে রেশন বরাদ্দ করিয়াছেন, পূর্ণ রেশন পাইলেও তাহা দিয়া দুবেলা পেট ভরিয়া খাওয়া হয় না। তারপর জলখাবার আছে। এমতাবস্থায় যদি ক্রমাগত ২।৩ সপ্তাহ রেশন না পাওয়া যায় জনসাধারণের বিশেষ করিয়া তরুণ মনের কিরূপ অবস্থা হয় আমাদের প্রধান নেতারা একবার ভাবিয়া দেখিয়াছেন কি? কর্ত্তারা প্রায়ই জনসংখ্যা বৃদ্ধির দোহাই দিয়া নিজেদের অযোগ্যতা ঢাকিবার চেষ্টা করেন কিন্তু ১৯৫২ সাল হইতে এপর্য্যন্ত জনসংখ্যা শতকরা ৩০ ভাগের বেশী বৃদ্ধি পায় নাই। পক্ষান্তরে খাদ্য উৎপাদন বাড়িয়াছে শতকরা প্রায় ৬০ ভাগ। সুতরাং ঘাটতি কোথায়? মজুতদারদের আড়তে যে চাউল আছে সেই সমস্ত বাহির করিতে পারিলে বাংলায় চাউলের অভাব হইবার কথা নয়। কিন্তু এ ব্যাপারে সরকারী অক্ষমতা পরিষ্কার ধরা পড়িয়াছে। এবং এই অক্ষমতা ও অযোগ্যতা ঢাকিবার জন্য যখনই খাদ্যের দাবীতে যে কোন আন্দোলন হইয়াছে অহিংস জনদরদী সরকার নিরীহ নিরস্ত্র বালক, বৃদ্ধ, বনিতা নির্ব্বিশেষে জনতার উপর গুলি চালাইতে কুণ্ঠাবোধ করেন নাই। ইহাতেও ক্ষান্ত না হইয়া কথায় কথায় স্কুল কলেজ বন্ধ করিয়া একই সঙ্গে ছাত্র ও অভিভাবকদের মুণ্ডপাত করিতেছেন। ছাত্রদের মধ্যেও চিন্তাশীলতার অভাব এখন বিশেষভাবে পরিলক্ষিত হইতেছে। কারণ সরকারের এই আদেশ যখন ছাত্রদের স্বার্থের সম্পূর্ণ পরিপন্থী, তখন অন্ততঃ প্রাইভেট স্কুল কলেজ যেখানে ততটা বাধ্যবাধকতা নাই অন্ততঃ সেখানে ছাত্ররা তাহাদের ক্লাশে যোগদান করিতে পারিত।

রাজা বা শাসকের কর্ত্তব্য প্রজাদের সন্তানজ্ঞানে দেখা। যখন কোন ন্যায় সঙ্গত কারণে প্রজারা উচ্ছৃঙ্খল ও বিক্ষুব্ধ হইয়া উঠে—শাসকের কর্ত্তব্য শান্তভাবে তাহাদের অভিযোগ শুনিয়া সমস্যার সমাধান করিয়া দেওয়া। অন্যথায় উচ্ছৃঙ্খলতা তথা সমস্যা বাড়িয়াই যাইবে। ইহাই মনুর রাজ্য-শাসন পদ্ধতি। তাহা না করিয়া আমাদের শাসকবর্গ যেখানে একটা লাঠির খোঁচায় কার্য্যোদ্ধার হইত—স্থির মস্তিষ্কে, শান্তভাবে বিচার করিয়া কার্য্য করিলে যে সমস্যার সহজেই সমাধান হইত, সেখানে কেন্দ্র ও পার্শ্ববর্ত্তী প্রদেশসমূহ হইতে সৈন্য পাঠাইবার জন্য অনুরোধ করা হইল। নাবালক ছাত্রদের উপর পাশবিক অত্যাচার হইল, নিরীহ, নিরস্ত্র বালককে গুলি করিয়া হত্যা করা হইল। সন্দেহ হয় মস্তিষ্ক বলিয়া কোন বস্তু বর্ত্তমান শাসক-কুলে আদৌ আছে কি না? নতুবা যাহাদের সহিত সন্তানের সম্বন্ধ সেই প্রজাদের ন্যায়সঙ্গত বিক্ষোভ দমনে এরূপ নৃশংসতা দেখান হয় কেন? নিজেদের দোষ ত্রুটি, অক্ষমতা, অযোগ্যতা স্বীকার না করিয়া এই প্রকার তোগলকসাহী শাসন চালাইয়া গেলে অচিরেই বাঙ্গালী সর্ব্বপ্রকারে নিশ্চিহ্ন হইয়া যাইবে।

পরলোকগত শ্রদ্ধেয় লালবাহাদুর শাস্ত্রী পুনঃ পুনঃ রেল দুর্ঘটনা রোধ করিতে না পারায় মন্ত্রীত্ব ত্যাগ করিয়াছিলেন, তিনি ছিলেন একাধারে মহাপুরুষ ও মহা-দেশপ্রেমিক। বাংলার বর্ত্তমান নেতৃত্ব গত ১৮ বৎসরে মাত্র একটা সমস্যা (খাদ্য সমস্যা) সমাধান করিতে সমর্থ হন নাই। বার বারই ব্যর্থ হইয়াছেন এবং সাধারণের দুর্গতি বাড়িয়াই চলিয়াছে। কিন্তু আমরা ইঁহাদের নিকট শাস্ত্রীজীর ন্যায় আচরণ আশা করিতে পারি না?

বাংলার জনসাধারণ আন্তরিকভাবে এইরূপ অত্যাচারের অবসান চাই।

খাদ্য ব্যাপারে জনসাধারণ চরম দুর্গতি ভোগ করিতেছে—এবার শিক্ষা সংহারে প্রবৃত্ত হইয়া মস্তিষ্কের খোরাকও সরকার ছিনাইয়া লইতে আরম্ভ করিয়াছেন। যুবকদের দেহ মন সম্পূর্ণ বিকল করিয়া বাংলাকে শ্মশানে পরিণত করিতে আর বেশী দিন বাকি নাই। হতভাগ্য বাঙ্গালী এখনও বাঁচিবার উপায় চিন্তা কর।

## আগুনে সর্ব্বস্বান্ত

গত ১১ই চৈত্র শুক্রবার দুপুরে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত ভৈরবটোলা গ্রামে আগুন লাগিয়া দশটী মধ্যবিত্ত গৃহস্থ পরিবার সর্ব্বস্বান্ত হইয়াছে। নিকটে কোন জলাশয় না থাকায় লোকজন জুটিয়াও আগুন নিভাইতে বা কোন জিনিসপত্র বাহির করিতে সমর্থ হয় নাই। গৃহের আসবাবপত্র, বাসন ও খাদ্যসামগ্রী পুড়িয়া ভস্মীভূত হইয়াছে। অগ্নিকাণ্ডের ফলে এই দশটী পরিবার ভীষণ দুর্দ্দশায় পতিত হইল।

## ট্রেণের সময় পরিবর্ত্তন

নিম্নের সময়ানুযায়ী ১লা এপ্রিল, ১৯৬৬ হইতে ট্রেণসমূহ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে চলাচল করিতেছে: এবং ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত এই সময়ানুসারে চলাচল করিবে।

আপ ট্রেণ (বারহারোয়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১৯নং কাঃ বারহারোয়া | আসে | ৯-৩৪ | ছাড়ে | ৯-৪২ |
| ৩৩৩নং হাওড়া ফরাক্কা | ,, | ১৫-১১ | ,, | ১৫-১৯ |
| ৩৪৫নং হাওড়া বারঃ | ,, | ২১-১৮ | ,, | ২১-২১ |
| ৩৩১নং হাওড়া গয়া | ,, | ০-৫৮ | ,, | ১-০৩ |
| ৩৪৭নং হাওড়া ফরাক্কা | ,, | ৪-৪৬ | ,, | ৪-৫১ |

ডাউন ট্রেণ (হাওড়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪৮নং ফরাক্কা হাওড়া | আসে | ০-৪৭ | ছাড়ে | ০-৫৭ |
| ৩৪৬নং বারঃ হাওড়া | ,, | ৫-৫৩ | ,, | ৬-০৩ |
| ৩৩৪নং ফরাক্কা হাওড়া | ,, | ১২-৫৩ | ,, | ১৩-০৩ |
| ৩৮০নং বারঃ কাটোয়া | ,, | ১৬-০৪ | ,, | ১৬-১৪ |
| ৩৩২নং গয়া হাওড়া | ,, | ১৭-৫৭ | ,, | ১৮-০৫ |

## মর্ম্মান্তিক দুর্ঘটনা
### ষ্টোভ ফাটিয়া
### ইঞ্জিনিয়ারের সস্ত্রীক
## জীবনাবসান

গত ৩রা এপ্রিল রবিবার দুপুরে ফরাক্কা ব্যারেজ প্রজেক্টের ভিজিলেন্স অফিসার শ্রীসমরেন্দ্র ব্যানার্জ্জীর স্ত্রী ষ্টোভ জ্বালিবার সময় উহা ফাটিয়া গিয়া পরিহিত ডেক্রনের শাড়ীতে আগুন ধরিয়া ভীষণ-ভাবে অগ্নিদগ্ধা হন। তাড়াতাড়ি নিভাইতে গিয়া সমরেন্দ্র বাবুর টেরিলিনের জামাতে আগুন ধরিয়া যাওয়ায় তিনিও সাংঘাতিকভাবে অগ্নিদগ্ধ হন। বন্ধের দিন বলিয়া প্রতিবেশিগণ বিলম্বে খবর পাইয়া তাঁহাদিগকে চিকিৎসার জন্য ফরাক্কা হাসপাতালে লইয়া যান। চিকিৎসকগণের যথাসাধ্য চেষ্টায় কোন ফল হয় নাই। অল্পক্ষণ মধ্যে উভয়ের প্রাণ-বায়ু বহির্গত হয়।

তাঁহাদের শবদেহ ব্যবচ্ছেদের জন্য জঙ্গিপুর শব-ব্যবচ্ছেদাগারে আনীত হয়। ব্যবচ্ছেদাগার হইতে উভয়ের শবদেহ পুষ্পাচ্ছাদিত করিয়া ট্রাক-যোগে ফরাক্কা লইয়া গিয়া সেখানে সৎকারের ব্যবস্থা করা হয়।

সমরেন্দ্র বাবু উচ্চবংশ-সম্ভূত নিরহঙ্কারী ও দয়ালু ব্যক্তি ছিলেন। তাঁহার মধুর ব্যবহারে পরিচিত ব্যক্তিগণ, সহকর্ম্মিগণ ও অধীনস্থ কর্ম্মিগণ প্রত্যেকেই সন্তুষ্ট হইতেন। দুঃসংবাদ পাইয়া তাঁহার ভাই ও আত্মীয়স্বজন ফরাক্কায় আসেন। তাঁহাদের শিশু কন্যাকে তাঁহার শাশুড়ী ঠাকুরাণী লইয়া গিয়াছেন। তাঁহাদের আকস্মিক অকাল মৃত্যুতে সকলেই মর্ম্মাহত হইয়াছেন। আমরা তাঁহাদের স্বজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি। ভগবান তাঁহাদের আত্মার শান্তি বিধান করুন ইহাই প্রার্থনা করি।

---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**

## ফটোগ্রাফিক সোসাইটির সভ্যের সাফল্য

বহরমপুর, ১৯শে মার্চ্চ—অন্ধ্র প্রদেশ ফেডারেশন অফ্ ফটোগ্রাফারস এর উদ্যোগে সর্বভারতীয় আলোক চিত্র প্রদর্শনী ভারতের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হইতেছে। গুন্টুর সর্বভারতীয় আলোক চিত্র প্রদর্শনীতে অংশ গ্রহণকারী ফটোগ্রাফিক সোসাইটি অফ্ মুর্শিদাবাদের কোষাধ্যক্ষ শ্রীরাজ-বল্লভ ধর উক্ত প্রদর্শনীতে তাঁহার দুইখানি ছবি মনোনীত ও একখানি ছবির জন্য বিশেষ প্রশংসাপত্র ও মেডেল লাভ করিয়াছেন। মুর্শিদাবাদবাসী হিসাবে তথা সারা বাংলা দেশের আলোক চিত্র শিল্পীর এই সাফল্যে আমরা গর্ববোধ করিতেছি। আমরা তাঁহার উত্তরোত্তর উন্নতি কামনা করিতেছি।

---

## সন্তরণ শিক্ষণ-শিবির

পশ্চিমবঙ্গ রাজ্যক্রীড়া সংস্থার সহযোগিতায় মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা তিন সপ্তাহের এক অনাবাসিক সন্তরণ শিক্ষণ-শিবির পরিচালনা করেন। মোট ৬৬ জন শিক্ষার্থী ইহাতে অংশ গ্রহণ করেন। গত ২৫শে মার্চ্চ এক আনুষ্ঠানিক সমাপ্তি উৎসবে শিক্ষার্থিগণকে অভিজ্ঞান পত্র ও জেলা সংস্থার ব্যাজ উপহার দেওয়া হয়।

---

## ২৪ ঘণ্টা কালব্যাপী হরতাল

৬ই এপ্রিল বুধবার জঙ্গিপুর—রঘুনাথগঞ্জ সহরের সমস্ত দোকানপাট, হাটবাজার, যানবাহন সম্পূর্ণরূপে বন্ধ থাকে। হরতাল সর্ব্বত্র সুষ্ঠুভাবে পালিত হয়। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

---

## শিক্ষকগণের মহার্ঘভাতা

জঙ্গিপুর পৌর-কর্ত্তৃপক্ষ সরকারের নিকট মহার্ঘ-ভাতার টাকা পাইয়াই পৌর এলাকার শিক্ষকগণকে (১৯৬৫-৬৬) সালের মহার্ঘভাতা প্রদান করিয়াছেন। টাকা প্রাপ্তিতে শিক্ষকগণ উপকৃত হইলেন সন্দেহ নাই।

## সুতী বি. ডি. ও. অফিসে গোলমাল

গত ৪ঠা এপ্রিল সোমবার আহিরণ গ্রামে সুতী বি. ডি. ও. অফিসে বিভিন্ন কাজের জন্য অনেক লোক উপস্থিত হন। হেড ক্লার্কের কটূক্তিতে লোকজন উত্তেজিত হইয়া তাঁহাকে তাড়া করে। তিনি গৃহান্তরে পলাইয়া গিয়া আত্মগোপন করেন। জনতা কর্ত্তৃক অফিসের কাগজপত্র নষ্ট হইয়াছে বলিয়া প্রকাশ।

---

## আমের মুকুল নষ্ট

জঙ্গিপুর মহকুমার প্রায় সকল বাগানের আমের মুকুল নষ্ট হইয়া গিয়াছে। যাঁহারা মুকুল দেখিয়া বাগানের ফল আন্দাজ করিয়া ক্রয় করিয়াছেন তাঁহারা সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হইলেন। আমের ব্যবসা করিয়া বহুলোকে উদরান্নের সংস্থান করে তাহাদের সমূহ ক্ষতি হইবে সন্দেহ নাই। ইহাতে বেকারের সংখ্যা বৃদ্ধি পাইবে।

---

## মিহির সেনের সাফল্য

বিখ্যাত বাঙ্গালী সাঁতারু মিহির সেন ৫ই এপ্রিল মঙ্গলবার ভোর ৫-৪০ মিনিটে তালাইমানার থেকে যাত্রা করে ৬ই এপ্রিল বুধবার ৭-২৪ মিনিটে ধনুস্কোটিতে উপনীত হন। বাইশ মাইলের সমুদ্র অভিযানে তাঁর সময় লেগেছে—পঁচিশ ঘণ্টা চুয়াল্লিশ মিনিট! মিহির সেনের পক প্রণালীর দুস্তর সাগর সাঁতরে পার হওয়ার গৌরবে বাঙ্গালী মাত্রই আজ গর্ব্বিত।

---

## টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা বিড়ি সরবরাহকারী ঠিকাদারগণকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ১৩৭৩ সালের ১লা বৈশাখ হইতে এক বৎসরের জন্য বিড়ি সরবরাহ করার জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। বিড়ি সরবরাহ করিতে ইচ্ছুক ঠিকাদারগণ ১৩৭২ সালের ৩১শে চৈত্রের মধ্যে শীল্ড টেণ্ডার অরঙ্গাবাদ বিড়ি ব্যবসায়ীগণের নিকট পৃথকভাবে দাখিল করিবেন।

আহ্বায়ক—অরঙ্গাবাদ বিড়ি
মার্চ্চেণ্টস্ এসোসিয়েসনের পক্ষে
সেক্রেটারী শ্রীনারায়ণচন্দ্র সাহা







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৮৩

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য •৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫• নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)